

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ (এসএসআইএসএস) প্রকল্প
পরিসংখ্যান ভবন (৫ম তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
website: www.bbs.gov.bd

স্মারক নং: ৫২.০১.০০০০.৬৩৫.১৪.৩২২.২৫. ৬২০


তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২
২৬ ফেব্রুয়ারি ২০২৬

বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত Survey of Manufacturing Industries (SMI) তথ্য সংগ্রহ কার্যক্রমে সহযোগিতা প্রদান সংক্রান্ত।

আপনি নিশ্চয়ই অবগত আছেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে পরিসংখ্যান বিষয়ক তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণের মাধ্যমে প্রতিবেদন তৈরি এবং প্রকাশ করে থাকে যা সেক্টর ভিত্তিক সকল উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, দারিদ্র্য পরিস্থিতি ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ (এসডিজি) বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

০২। আপনি আরও অবগত আছেন যে, ২০২৪-২৫ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী জাতীয় অর্থনীতিতে শিল্প খাতের অবদান ৩৪.৮১ শতাংশ এবং সেবা খাতের অবদান ৫৩.৫৬ শতাংশ। জিডিপিতে উৎপাদনশিল্প খাতের অবদান ২২.৭৮%। বাংলাদেশের 'জাতীয় শিল্পনীতি ২০২২' এ উৎপাদন শিল্পকে পাঁচটি শ্রেণিতে ভাগ করা হয়েছে, যথাঃ (১) কুটির শিল্প (২) মাইক্রো শিল্প (৩) ক্ষুদ্র শিল্প (৪) মাঝারি শিল্প এবং (৫) বৃহৎ শিল্প। উক্ত শিল্পশ্রেণির আলোকে শুধু উৎপাদন সংক্রান্ত কাজে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ হতে CAPI/Web Application এর মাধ্যমে তথ্য সংগ্রহের নিমিত্ত বিবিএস কর্তৃক "উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ" Survey of Manufacturing Industries (SMI) পরিচালনা করা হচ্ছে। দেশব্যাপী সকল উৎপাদন শিল্প প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী মার্চ-এপ্রিল ২০২৬ মাসে পরিচালিত হবে। উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপের মাধ্যমে সংগৃহীত তথ্যের ভিত্তিতে 'জাতীয় শিল্পনীতি ২০২২' এর আলোকে রিপোর্ট প্রণয়ন করা হবে। উল্লেখ্য, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পরিসংখ্যান আইন-২০১৩ কর্তৃক প্রদত্ত ক্ষমতাবলে এ সকল তথ্য সংগ্রহ করে থাকে।

০৩। বর্ণিত প্রেক্ষাপটে, উৎপাদন শিল্প প্রতিষ্ঠান জরিপ (SMI) এর তথ্য সংগ্রহ কার্যক্রমে নিয়োজিত বিবিএস এর কর্মকর্তা/কর্মচারীগণকে আপনার প্রতিষ্ঠানের প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদানে সহযোগিতার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


মো: ফরহাদ সিদ্দিক
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৫৫০০৭০৫৬
ই-মেইল: dg@bbs.gov

প্রাপক.....
.....
.....

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ এক্সপোর্ট প্রোসেসিং জোনস অথরিটি (বেপজা), ঢাকা
- ২) প্রেসিডেন্ট, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ঢাকা
- ৩) সভাপতি, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ), ঢাকা
- ৪) সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), ঢাকা
- ৫) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা
- ৬) চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), ঢাকা
- ৭) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) অফিস কপি।